# ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময় ঃ ২২/২/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৯১২৭ হেঃ জমিতে বোরো ধান আবাদের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে হাইব্রিড-৩৭৫০ হেঃ, উফশী-৫৪০৫ হেঃ এবং স্থানীয়-৩০ হেঃ। চুড়ান্তভাবে ৯১৮৫ হেঃ জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। উপজেলায় বোরো আবাদের জাতীয় লক্ষ্য মাত্রা অর্জিত হয়েছে। ৫৩০০ হেঃ জমিতে ভূট্টা আবাদ সম্পন্ন হয়েছে। আউশ আবাদ বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অন্যান্য মাঠ ফসলের অবস্থা ভালো এবং ফলন ভালো হয়েছে। মাঠ পর্যায় ব্যক্তিগত যোগাযোগ, উঠান বৈঠক, গ্রুপ ভিত্তিক আলোচনা, মাঠ দিবসসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। প্রত্যেক ইউনিয়ন পরিষদে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। অস্থায়ী টিকা ক্যাম্পগুলোতে চকিদারগণের সহযোগিতা প্রয়োজন। নতুন অত্যাধুনিক এক্সরে মেশিন আনা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০২ জন পরিচ্ছন্নতা কর্মী রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি ০৩ টি বরাদ্দ পাওয়া গেছে। বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণকে ও ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্প জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে যাচাই বাছাই কমিটির মাধ্যমে বাছাই করে সিদ্ধান্ত নেয়া হবে। | ০১। ২০২১-২০২২ অর্থবছরে এডিপি প্রকল্প জমা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, সমগ্র বাংলাদেশে নলকূপ খনন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপগুলোর কাজ খুব শীঘ্রই শুরু হবে। আর্সেনিক স্ক্রিনিং এর কাজ ইতোমধ্যেই শুরু হয়েছে। সমগ্র উপজেলায় প্রায় ৫০০ নলকূপের আর্সেনিক পরীক্ষা সম্পূর্ণ হয়েছে। Wash Block সহ অন্যান্য দপ্তরীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | Wash Block সহ সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছর ৩০ জন ব্যক্তিকে ০৩ টি ছাগল, ০২ জন ব্যক্তিকে ০২ টি অটোরিক্সা, ০৩ জন ব্যক্তিকে ০৩ টি সেলাই মেশিন এবং ০২ জন ব্যক্তিকে অর্থ প্রদান করা হয়েছে।<br>০২। শারিরীক প্রতিবন্ধী ব্যক্তিদের ০৮ টি হুইল চেয়ার প্রদান করা হয়।<br>০৩। ১৫ জন ব্যক্তিকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।<br>০৪। ২০২১-২০২২ অর্থবছরে ৩৭০ জন প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, ৩৩০ জন প্রকল্পিত ও ৪০ জনের প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি বরাদ্দ পাওয়া গেছে।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৬) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র উপজেলার সমবায় সমিতিগুলোর ২০২০-২০২১ সনের বার্ষিক অডিট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন হচ্ছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৩। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>০১। ২০২১-২২ অর্থবছরে টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর ১ম পর্বের বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম চলমান রয়েছে।<br>০২। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | টি আর/কাবিটা/কাবিখা কর্মসূচীর আওতায় প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের জন্য অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় প্রাথমিক পর্যায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেনে বরাদ্দকৃত নতুন পাঠ্য বই বিদ্যালয় পর্যায় প্রেরণ এবং বিতরণ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উদ্বৃত্ত কিছু পাঠ্য বই দেওয়ানগঞ্জ পৌরসভা ভবনে সংরক্ষিত রয়েছে। বিদ্যালয়ে শ্রেণি পাঠদান | শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম বন্ধ আছে। আগামী ০২/৩/২০২২ খ্রি. তারিখ বিদ্যালয়গুলো পুনরায় চালু করার জন্য পরিষ্কার পরিচ্ছন্ন (স্বাস্থ্য সম্মত উপায়ে) কার্যক্রম চালু রয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে এসএমসি গঠন কার্যক্রম সম্পন্ন হয়েছে। কিছু সংখ্যক বিদ্যালয়ে এসএমসি গঠন প্রক্রিয়া চলমান রয়েছে। বিদ্যালয়ের রুটিন মেইনটেনেন্স ও মাইনর মেরামতের প্রাক্কলন তৈরি করে দেয়ার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, দেওয়ানগঞ্জকে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯) | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২৮৬৮৬ জন শিক্ষার্থী (১২-১৮ বছর বয়সী) ১ম ডোজ কোভিড-১৯ এর ভ্যাকসিন দেয়া হয়েছে। ২য় ডোজ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ সালের বিনামূল্যের পাঠ্য বই বিতরণ করা হয়েছে। শতভাগ শিক্ষক/কর্মচারী টিকার আওতায় আনা হয়েছে। ২০ দফার নির্দেশনার আলোকে ২২ শে ফেব্রুয়ারি ২০২২ খ্রি. স্কুল খুলে দেয়া হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় কার্যক্রম শুরু হয়েছে। উপজেলা পরিষদ ভবনের সামনে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল শিক্ষা ভবন" নির্মানের জন্য ২২/২/২০২২ খ্রি. লে-আউট দেয়া হয়েছে। উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার উক্ত কার্যক্রমের লে- আউট প্রদান করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান এবং স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | <u>পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জানুয়ারি/২২ মাসে মোট সক্ষম দম্পতি ৬০২৪৫ জন, মোট গ্রহণকারী ৪৮৪০৫ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.৩৫%। আইইউডি-১২ জন, স্থায়ী পদ্ধতি-০৮ জন মহিলা, ইমপ্ল্যান্ট-৯৪ জন। বিতরণ ঃ খাবার বড়ি সুখি ৯৯০৬ পিস, আপন-২৮০ চক্র, কনডম-১৫২৮৬ পিস, ইনজেকশন-২২১৯ ভায়াল। গর্ভকালীন সেবা প্রদান ১১৭২ জন, প্রসব পরবর্তী সেবা প্রদান ২৬২ জন, নবজাতকের সেবা প্রদান ২৬২ জন, প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন এবং কিশোর/কিশোরী সেবা ২৭১১ জন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | <u>উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। এই মাসে ৬২৭ টি গবাদিপ কে কৃত্রিম প্রজনন এবং ২৩৮ টি সংকর জাতের বাছুর উৎপাদন হয়।<br>০২। ২৬২৬ টি গবাদিপশুকে এবং ৩৬০০০ হাঁস মুরগীর টিকা প্রদান করা হয়।<br>০৩। ২৫৫৪ গবাদিপশু, ২০৩৭৪ হাঁস মুরগী এবং ০২ টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়।<br>০৪। খামারী প্রশিক্ষণ, উঠান বৈঠক নমুন প্রেরণ, সার্ভিলেন্স ঘাস চাষ সম্প্রসারণসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>০৫। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | <u>উপজেলা মৎস্য বিভাগ ঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ইলিশ সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ১০ (দশ) জন ইলিশ জেলের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে =২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। যে সমস্ত জেলেরা যমুনা নদীতে ইলিশ মাছ আহরণ করেন তাদের মধ্যে থেকে ১০ (দশ) জন জেলেকে নির্বাচন করে অগ্রাধিকার তালিকা প্রকল্প পরিচালক মহোদয় বরাবর প্রেরণের নির্দেশনা রয়েছে। মৎস্য দপ্তরের আওতায় জাটকা নিধন বন্ধের অভিযান চলমান রয়েছে। চলতি ফেব্রুয়ারি/২২ মাসে রাক্ষুসে আফ্রিকান মাগুরের উপর একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। সেক্ষেত্রে =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা করা হয় এবং ২০-২৫ মন মাগুর মাছ জব্দ করা হয়। জব্দকৃত মাগুর মাছ বিভিন্ন এতিমখানায় বিতরণ করা হয়। মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা প্রশাসনকে মৎস্য অধিদপ্তর হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপকারভোগীর সংখ্যা-৯৫০ জন। ঋনী সংখ্যা-১৬১২ জন। চলতি অর্থবছরে ২০ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=১৩,৮০,০০০/- টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন-৩,২১,০৫,৮০০/- (তিন কোটি একুশ লক্ষ পাঁচ হাজার আটশত) টাকা। চলতি মাসে আদায়যোগ্য =২,৪১,১২৫/-, চলতি মাসে আদায়কৃত =২,২৬,৬২৫/-। চলতি মাসে আদায়ের শতকরা হার ৯৪%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-২,৮৩,০২,৭৩২/-। ক্রমপুঞ্জিত আদায় =২,৫৯,৫৬,৬৯৩/-। ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার ৯২%। খেলাপী টাকার পরিমান= ১৬,৮৫,৮৬৭/- টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- নাই ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮৬ %<br>উপকারভোগীর সংখ্যা- ২৩৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান-২৫,০০,০০০/-<br>চলতি মাসে আদায়যোগ্য- ৩৮,৪০০/-<br>চলতি মাসে আদায়কৃত- -<br>চলতি মাসে আদায়ের শতকরা হার- ০%<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৩,৫৬,০০০/-<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৩২,৩৬০/-<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্প-<br>চলতি অর্থবছরে বিতরণ- নাই | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৫৬ জন ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৮০৬ জন<br>মহিলা-৩০৪ জন মহিলা-৪৩৯৮ জন<br>মোট- ৩৬০ জন মোট- ৭২০৪ জন<br>আত্নকর্মী সৃজন- পুরুষ- ২৫৫ জন তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>মহিলা- ১৬০ জন সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি<br>মোট- ৪১৫ জন | | |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। ফেব্রুয়ারি/২২ মাসের ভিজিডির ডিও দেয়া হয়েছে। চাউল বিতরণের সময় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।<br>০২। প্রত্যেক ইউনিয়নে নারী ও শিশু নির্যাতনের রেজুলেশন এ মাসের মধ্যে পাঠানোর জন্য অনুরোধ করা হয়।<br>০৩। কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তির ০২ টি শূন্য পদের বিপরীতে আবেদন পত্র চাওয়া হয়।<br>০৪। কিশোর কিশোরী ক্লাবের (CMC) সভা কার্যক্রম সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। ক্লাবে ক্যারাটি শিক্ষক নিয়োগ করা হয়েছে।<br>০৫। আগামী ০৮/৩/২০২২ খ্রি. তারিখ নারী দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি কার্যক্রম চলমান রয়েছে।<br>০৬। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য আবেদন পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। বিআরডিবির ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>০২। গত মাসে ০.৫০ টাকা ঋণ আদায় হয়েছে।<br>০৩। খেলাপী ঋণ আদায়ের জন্য সর্বাত্নক কার্যক্রম চলমান রয়েছে।<br>০৪। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে বন বিভাগ কর্তৃক বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্যাকান্দি ব্রীজের উত্তর পাশে পাকা রাস্তা হতে চরপোল্যাকান্দি মসজিদ পর্যন্ত ও পোল্যাকান্দি ব্রীজ সংলগ্ন কবরস্থান হতে পূর্ব দিকে ৩ সিডলিং কি. মি. স্ট্রীপ বাগান সৃজন করন বিষয়ে অবহিত করেন। | উল্লিখিত স্থানে বাগান সৃজন কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি<br>মোট সদস্য- ১১,৬৪১ জন<br>মোট ঋণ বিতরন- ১ কোটি ১২ লক্ষ টাকা<br>ঋণ আদায়-৭০,০০,০০০/- | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪২০৮ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৬২৩৫০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬৯০৫৬২০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৮৭৮১৬৪/-<br>চ) আদায় হার- ৯৭%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যোক্তা সংখ্যা- ৭৩ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ১১০০০০০/-<br>গ) মোট ঋণ আদায়- ১১৬৬৪৯০/-<br>ঘ) আদায় হার- ৯৯%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১০৮% | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯) | এজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে চলছে। গ্রাহকগন সঠিক সময়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করছেন। দেওয়ানগঞ্জ উপজেলার বিদ্যুৎ সরবরাহ অবস্থা ভালো রাখার লক্ষে কার্যক্রম পরিচালিত হচ্ছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ এজিএম পল্লী বিদ্যুৎ |

| | | | |
|---|---|---|---|
| ২০) | <u>ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ</u><br>ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ সভাস্থ সকলকে ছালাম জানান। জনগণ বিভিন্ন জায়গায় ট্রেনের মাধ্যমে ভ্রমনের নিমিত্ত প্রয়োজন অনুযায়ী টিকিট সংগ্রহ করতে পারছেন। ৫০% টিকিট কাউন্টার এবং ৫০% টিকেট অনলাইনের মাধ্যমে জনসাধারণ ক্রয় করতে পারবেন। যে দিন ট্রেনের টিকিট প্রদান করা হয় ১৬ ঘন্টা টিকেট কাউন্টারে রাখা হয়। দেওয়ানগঞ্জ হতে ঢাকা পর্যন্ত ট্রেনগুলো যথাসময়ে চলাচল করছে। বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | দেওয়ানগঞ্জ ষ্টেশনের সকল কার্যক্রম ভালোভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | <u>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ</u><br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে যদি কখনও আগুন লাগার খবর আসে তাহলে সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে আগুন নিভানোর চেষ্টা করে থাকেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গত ২০/১/২০২২ খ্রি. তারিখ হতে দেওয়ানগঞ্জ পৌরসভার অনুকূলে ০৩ জন ডিলারের মাধ্যমে ডিলার প্রতি ১.০০০ মে. টন চাউল ও ১.০০০ মে. টন আটা শুক্রবার ব্যতিত সপ্তাহে ০৬ (ছয়) দিন সাধারণ জনগণের মাঝে ওএমএস বিশেষ কার্যক্রমের মাধ্যমে প্রতি কেজি চাউল =৩০/- (ত্রিশ) টাকা এবং প্রতি কেজি আটা=১৮/- (আঠার) টাকা করে বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বর্তমানে আমন সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। আমন সিদ্ধ চাউল ১৩৪.০০০ মে.টন সংগ্রহ করা হয়েছে। বর্তমানে ৯০.০০০ মে. টন গম মজুদ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩) | <u>উপজেলা পাট বিভাগ ঃ</u><br>উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। পাটের বাজর দর যেমন- সাদা পাট ৩,০০০/- (তিন হাজার) টাকা, তোষা পাট ৩,৩০০/- (তিন হাজার তিনশত) টাকা। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ৩০০০ জন পাট চাষী রয়েছেন। পাট চাষীগণকে বিনামূল্যে পাট বীজ, সার ও কীটনাশক প্রদান করা হয়েছে। চলতি মাসে আরও পাট বীজ সংগ্রহ ও পাটচাষীগণের মাঝে সরবরাহ করা হবে। | পাট বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা পাট কর্মকর্তা |
| ২৪) | <u>উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ</u><br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসে ০৪ টি উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ দেরীতে পাওয়ায় উঠান বৈঠকগুলো সম্পন্ন করা হয়নি। ২২/২/২০২২ খ্রি. তারিখ ১ম উঠান বৈঠক হয় কাঠার বিল। রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন একাডেমিক সুপারভাইজার জনাব সজল চন্দ্র ভদ্র। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | <u>চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ</u><br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্প ০১ নং ওয়ার্ডে উপকারভোগীরা জমিসহ ঘর পেয়েছেন। সেখানে টিউবওয়েল স্থাপন প্রয়োজন। টয়লেট যেখানে নির্মাণ করা হয়েছে সেখানে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নেই। টয়লেটের পাইপ ফেটে গিয়ে এলাকায় দুর্গন্ধের সৃষ্টি হচ্ছে। তাঁর ওয়ার্ডের নির্মাণকৃত আশ্রয়ন প্রকল্পগুলোতে উপকারভোগীরা যেন ভালোভাবে বসবাস করতে পারে সে লক্ষে সমস্যাগুলো সমাধানের জন্য সভায় অনুরোধ জানান। বাগান বাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ৩০০ বিঘা জমি জলবদ্ধতার কারণে ফসল ফলানো সম্ভব হচ্ছে না। এছাড়াও ০৬ নং ওয়ার্ডেও ৩৫০ জমি উক্ত সমস্যার কারণে ফসল পাওয়া যাচ্ছে না। জমির পাশ দিয়ে যদি ড্রেনেজ ব্যবস্থা স্থাপন করা যায় তাহলে পানি নিষ্কাশন সম্ভব হলে জমিতে ফসল ফলানো সম্ভব হবে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। ইউপি চেয়ারম্যানগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের জন্য সভায় আলোচনা করেন। এছাড়াও তিনি জানান যে, তিনি সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। এটা তাঁর শেষ সভা। আগামী সভায় হয়তবা নবাগত ইউপি চেয়ারম্যান সাহেব উপস্থিত থাকবেন। তাঁর জন্য শুভেচ্ছা প্রদান করেন। সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং সকলের নিকট দোয়া চেয়ে তিনি বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | <u>চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ</u><br>চরআমখাওয়া প্যানেল চেয়াম্যান সভায় তাঁর ইউপি চেয়ারম্যান জনাব আজিজুর রহমান আকন্দ সাহেব মৃত্যুবরন করায় তিনি প্যানেল চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। নবাগত ইউপি চেয়ারম্যান সাহেব দায়িত্ব নিয়ে সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করবেন। এই প্রত্যাশায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উন্নয়নমুলক কার্যক্রম ভালোভাবে সকলের সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | <u>চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ</u><br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। তিনি তাঁর ইউনিয়নে সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | <u>চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ</u><br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২৯) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে সমস্যার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। | রাস্তাটি মেরামত/সংস্কার গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নে একটি হাসপাতাল রয়েছে। রোগীরা প্রয়োজনীয় ঔষধপত্র ও সেবা যেন পায় সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ভবনটি পুরাতন। নতুন ভবন নির্মাণ করা যায় কিনা সে ব্যাপারে অনুরোধ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদ হতে জন্ম নিবন্ধন দিতে পারছেন না। সার্ভার জটিলতার কারণে সমস্যার সৃষ্টি হচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এডিপির ২০২১-২০২২ অর্থবছরের আওতায় প্রাক্কলন জমা দেয়া হয়েছে। সঠিক সময়ে যেন টেন্ডার আহ্বান করে কাজ দ্রুত সম্পাদান করা যায় সে ব্যাপারে অনুরোধ জানান । প্রকল্প বাস্তবায়ন দপ্তর কর্তৃক কোন কাঁচা রাস্তা **HBB** করা হয়নি। কাঁচা রাস্তাগুলো জনগণের চলাচলের সুবিধার্থে পাকাকরন প্রয়োজন। নৌ টার্মিনালে সরকারিভাবে বরাদ্দ প্রদান করা হয়। সেখানে সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে কিনা সে ব্যাপারে মাননীয় জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের মাধ্যমে তদারকির জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, ব্রক্ষপুত্র নদ খননের জন্য প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেছে। নদ খননটি চিকাজানী খোলাবাড়ী হয়ে সঠিকভাবে করা হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। গ্রামপুলিশগণ থানায় হাজিরা প্রদান করেন। তারা যেন দিন রাত ভালোভাবে ডিউটি পালন করেন সে ব্যাপারে সভায় আলোচনা করেন। দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাত্র ০২ (দুই) জন ডাক্তার রয়েছেন। প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নিয়োগের ব্যাপারে অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, গত মৌসুমে কৃষি অফিস হতে যে বীজ প্রদান করা হয়েছিল ০২ মন ধানও ফলন হয়নি। এ ব্যাপারে উপজেলা কৃষি অফিসারের মাধ্যমে তদারকির জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে তাঁর ইউনিয়নে উন্নয়নমূলক কাজসহ রাস্তা ঘাট মেরামত/সংস্কার কাজ চলমান রয়েছে। ০১ নং ও ০২ নং ওয়ার্ডে কোরোনা ভাইরাস প্রতিরোধ কল্পে টিকা প্রদান করা হয়েছে। ০৩ নং ওয়ার্ডে এখনও টিকা প্রদান করা হয়নি। এছাড়াও গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাস প্রতিরোধে খুব শীঘ্রই টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | মেয়র ঃ<br>মেয়র দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। পৌরসভার অভ্যন্তরে অনেক গরীব অসহায় জনগণ বসবাস করে। তাদের জন্য "জমি আছে ঘর নাই" এ রকম বরাদ্দ দেয়া যায় কিনা সভায় আলোচনা করেন। আগামী ০২/৩/২০২২ খ্রি. তারিখ প্রাথমিক বিদ্যালয়গুলে খুলে দেয়া হবে। চিকাজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ছাত্র/ছাত্রী লেখাপড়া করে। ছাত্র/ছাত্রীরা যেন সুন্দরভাবে বসে বিদ্যালয়ে পাঠদান করতে পারে সে ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। সকল কার্যক্রমে দেওয়ানগঞ্জ পৌরসভা সর্বাত্নক সহযোগিতা করবেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে শুভেচ্ছা জানান। মাননীয় এমপি মহোদয় মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন। দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলায় ইউপি নির্বাচন সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। জনগণ নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করেছেন। সেজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর সকল উন্নয়নমূলক কার্যক্রমের মাধ্যমে সুখী সমৃদ্ধ দেশ গঠনে এবং দেওয়ানগঞ্জ উপজেলায় আরও উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি এজিএম পল্লী বিদ্যুকে তাঁর অফিস হতে দালাল নির্মূলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধন্যবাদ জানান। উপজেলা পরিষদ সভাকক্ষে বিভিন্ন সময় বিভিন্ন সভা দীর্ঘ সময় পরিচালনা হয়ে থাকে। অনেক বিভাগীয় কর্মকর্তাগণ জীপ গাড়ি নিয়ে আসেন। জীপ চালকগণ বাইরে ঘুরাঘুরি করেন। তাদের বসার বা একটু বিশ্রাম নেয়ার পর্যাপ্ত জায়গা নেই। একটা বিশ্রাম কক্ষের ব্যবস্থার জন্য অনুরোধ করেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় অনুষ্ঠিত নির্বাচনসমূহ কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়া সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। সেজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পুলিশগণ দায়িত্ববোধ নিয়ে কর্তব্য পালন করছেন। কোন প্রকার সাধারণ জনগণ হয়রানির শিকার হয়না। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৬) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ | উন্নয়নমূলক সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজে |

| | | | |
|---|---|---|---|
| | করেন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | | লা নির্বাহী অফিসার |
| ৩৭) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণকে সভায় যথাসময় উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের বিভাগ সম্পর্কিত ও ইউপি চেয়ারম্যানগণ কার্যক্রম নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। কোন প্রকার সমস্যার সৃষ্টি হলে আলোচনাক্রমে সমাধানের চেষ্টা করা হবে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় সকল উন্নয়নমূলক কার্যক্রম আরও ভালোভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার শারীরিক সুস্থ্যতার জন্য দোয়া, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর জন্য দোয়া চেয়ে এবং সভায় উপস্থিত সকলের সুস্থ্যতা ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৮) | ফেব্রুয়ারি/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। ফেব্রুয়ারি/২২ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১১,২৫০/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | ফেব্রুয়ারি/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৬,২৫০/- (ছাব্বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৯) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৪০) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজার ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হলে গত ১৭/২/২০২২ খ্রি. তারিখ ১৩ টি হাটের মধ্যে ০৮ টি হাটের দরপত্র প্রাথমিকভাবে হাট-বাজর ইজারা মূল্যায়ন কমিটি অনুমোদন করেন। ইজারাদারগণকে ইজারার টাকা ১৫% ভ্যাট, ৫% আয়করসহ হাটের সাকুল্য টাকা আগামী ১৫/৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে জমা এবং চালান দেয়ার জন্য পত্র দেয়া হয়। নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত হবে এবং পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মেও পত্র প্রেরণ করা হয়েছে। | ইজারাদারগণ নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত এবং হাট পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪১) | বিবিধ ঃ<br>ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এই বিষয়ে আলোচনা করা হয়। | ক) উল্লিখিত ব্যয় বাবদ=৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

22/02/2022

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ১২৬ (৪০)

তারিখ ঃ ২২/২/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

22/2/22

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।